## মুসলমানদিগের অপূর্ব্ব সুযোগ।

—০—

আমরা এতদঞ্চলের মুসলমানগণের সুবিধার জন্য উর্দ্দু, পার্শী ও আরবী টাইপ আনাইয়াছি। যাঁহাদের উর্দ্দু, পার্শী কিম্বা আরবী ভাষায় কোন কিছু ছাপিবার আবশ্যক হইবে তাঁহারা আমাদের নিকট অর্ডার দিলে আমরা অতি সত্বর ও যথাসম্ভব সুলভে ছাপাইয়া দিব। পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—
শ্রীবিনয়কুমার পণ্ডিত,
পণ্ডিত প্রেস।
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৯শে ভাদ্র বুধবার ১৩৩৩ সাল।

## জেলা বোর্ডের নির্ব্বাচন।

—০—

আজিমগঞ্জ নেহালিয়ার জমিদার রায় বাহাদুর সুরেন্দ্রনারায়ণ সিংহ কাশিমবাজারের মহারাজা সার মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরকে পরাজিত করিয়া মুর্শিদাবাদ জেলা বোর্ডের চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছেন। বঙ্গীয় ব্যবস্থাপক সভার সদস্য মিঃ এক্রামল হককে পরাজিত করিয়া মিঃ আবদুল সামাদ ভাইস চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছেন।

---

## হরিনামের মামলা।

—০—

জঙ্গিপুর হরিনাম সংকীর্ত্তন লইয়া হিন্দু মুসলমানে যে গোলযোগ হইয়াছিল তাহাতে গভর্ণমেন্ট পক্ষ হইতে হিন্দু ও মুসলমানগণকে আসামী করিয়া পৃথক পৃথক দুইটি মামলা করিয়াছিলেন। স্থানীয় অনারারী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু পঞ্চানন চট্টোপাধ্যায় মহাশয়ের এজলাসে হিন্দুগণের বিচার শেষ হইয়া গিয়াছে। উক্ত মামলায় তিনি সাক্ষ্যপ্রমাণাদি লইয়া আসামীগণকে বেকসুর খালাস দিয়াছেন।

---

## ট্রেণ, ডাক ও তারের অসুবিধা।

—০—

গত ১লা সেপ্‌টেম্বর হইতে কলিকাতা হইতে গাড়ী ২।১৫ মিনিটে ও সাহেবগঞ্জ হইতে ১২।১০ মিনিটের সময় জঙ্গিপুর রোড ষ্টেশনে আসিতেছে। এই পরিবর্ত্তনে স্থানীয় লোকের কষ্টের সীমা নাই। ধুলিয়ান ও নিমতিতা হইতে যে সকল লোককে মোকর্দ্দমা করিতে এখানে আসিতে হয় তাহাদিগকে পূর্ব্ব রাত্রিতে এখানে আসিয়া থাকিতে হয় ও পরদিন আদালতের কার্য্য সমাধা করিয়া পুনরায় ভোর রাত্রির গাড়ীতে ফিরিয়া যাইতে হয়। দুটি রাত্রি জাগরণ না করিলে ও মশকের দংশন উপভোগ না করিলে বাটী ফিরিয়া যাওয়া হয় না। লোকের ধারণা—এই কষ্টের জন্য মামলা কমিয়া যাইবে। যদি কেহ এই সুযোগে ধুলিয়ান হইতে জঙ্গিপুর পর্য্যন্ত মোটর গাড়ী চালাইতে পারেন তবে বেশ দু'পয়সা রোজগার করিতে পারেন। মোটর গাড়ীর দামও নাকি কমিয়া গিয়াছে। আবেদন নিবেদন না করিয়া এইভাবে রেল কোম্পানীকে শিক্ষা দিলে হয় ত। ৩ মাস পরে সময় পরিবর্ত্তন করিতে পারে। পূর্ব্বে লোকে পদব্রজে বৃন্দাবন ইত্যাদি দূরবর্ত্তী তীর্থে গমনাগমন করিত ও লোকে বলিত "হাতে কড়ি পায়ে বল তবে চল নীলাচল" এখন হইয়াছে "পায়ে বল নাই হাতে কড়ি, যাব আসব রেল্লে চড়ি"।

চিঠি পত্র পাইবারও অসুবিধা কম নয়। এঁদের বিচার অন্য ভাবের। বর্ত্তমান ট্রেণেই ডাক যাওয়া আসার সুবিধা করা যায়। তাহা কিন্তু কর্ত্তৃপক্ষ করিতে রাজী নন। এখান হইতে কলিকাতার পত্র প্রথমে উজানে সাহেবগঞ্জ যায় তারপর ভাটিতে কলিকাতায় যায়। ১টার পর চিঠি পোষ্ট করিলে ৩ দিনে কলিকাতায় যায় অথচ রেলপথে ৯।১০ ঘণ্টায় কলিকাতায় যাওয়া যায়।

তার বিভাগের আবার আরও মজার বন্দোবস্ত। যখন রেল লাইন এ ধারে ছিল না, মুরারই হইয়া লোকে যাইত। তার লাইন ঠিক সেই মুরারই দিয়াই গিয়াছে। লাইন যদি কোন প্রকার খারাপ হয় লাইন মিস্ত্রী সহজে পায়ে হাটিয়া লাইন দেখিতে যায় না। কাজেই লাইন বিলম্বে ঠিক হয়। আবার শুনুন যদি বহরমপুরে একটী তার করা যায় প্রথমে এখান হইতে পাকুড়—পাকুড় হইতে কলিকাতা—কলিকাতা হইতে বহরমপুর। জজ, ম্যাজিষ্ট্রেটকে এখান হইতে কেহ তার করেন না। ট্রেণে লোক গিয়া কাজ সারিয়া আসে। এখান হইতে আজিমগঞ্জ যোগ করিয়া দিলে কলিকাতা ও বহরমপুর যুক্ত হয় ও বহরমপুর ও কলিকাতা ১ মিনিটের মধ্যে টেলিগ্রাম পৌঁছায় এবং তথা হইতে ১ মিনিটের মধ্যে আসে। বোধ হয় ইহাতে তার বিভাগের কোন অসুবিধা হইবে না অথচ লোকের বিশেষ সুবিধা হইবে।

---

## রাজবন্দীর সাজা।

—ঃ০ঃ—

পত্রান্তরে প্রকাশ—শ্রীযুক্ত যতীন্দ্রনাথ দাস নামক জনৈক রাজবন্দী স্থানীয় সরকারকে এই মর্ম্মে একখানি পত্র লিখিয়া অভিযোগ করেন যে, গোয়েন্দা বিভাগের কোন উচ্চ পদস্থ দায়িত্বজ্ঞানসম্পন্ন কর্ম্মচারী তাঁহার প্রতি অত্যন্ত অসদ্ব্যবহার করিয়াছেন এবং তিনি ঐ পত্রে অসদ্ব্যবহারের তীব্র প্রতিবাদ করেন। ফলে সরকার শ্রীযুত যতীন্দ্রনাথ দাসকে একাকী এক নির্জ্জন কক্ষে রাখিয়াছেন এবং সেখানে তিনি কোনরূপ পত্রাদি লিখিবার অধিকার হইতে বঞ্চিত হইয়াছেন এবং দুই মাসের জন্য তাঁহার কোন বন্ধুবান্ধব বা আত্মীয় স্বজনের সহিত তাঁহাকে সাক্ষাৎ করিতে দেওয়া হইবে না।

---

## মক্কায় মুসলমান সম্মিলনী।

—০—

মক্কায় সমস্ত পৃথিবীর মুসলমানদিগের এক সম্মিলনী হইয়াছিল, ভারত হইতে তথায় ১২ জন মুসলমান প্রতিনিধি গিয়াছিলেন। সেই সভায় উপস্থিত হইয়া তাঁহারা মনে করিয়াছিলেন যে, তাঁহারা যখন নিখিল মুসলমানধর্ম্মাবলম্বীসঙ্ঘ সংগঠনের জন্য প্রয়াস করিতেছেন, তখন সেই সভায় নিশ্চয়ই বিশেষ সম্মানলাভ করিবেন। অন্ততঃ অন্যান্য সদস্যরা যেরূপ সম্মানলাভ করিবেন, তাঁহারাও সেইরূপ সম্মান পাইবেন। কিন্তু শেষে তাঁহাদের সে ভ্রম ঘুচিয়াছে। স্বাধীন দেশ হইতে যে সকল মুসলমান প্রতিনিধি তথায় উপস্থিত হইয়াছিলেন, তাঁহারা আলীভ্রাতৃদ্বয়কে বেশ বুঝাইয়া দিয়াছিলেন যে, তাঁহারা পরাধীন দেশ হইতে আসিয়াছেন সুতরাং তাঁহাদের স্বাধীনজাতিদিগের আন্তর্জ্জাতিক নীতি সম্বন্ধে হস্তক্ষেপ করা কর্ত্তব্য নহে। এই ব্যাপারে ভারতীয় মুসলমানদিগের প্রজ্ঞাচক্ষু উন্মীলিত হইলেই মঙ্গল। যে সকল ভারতীয় মুসলমান বহু পুরুষ ভারতে অবস্থান করিয়াও ভারতের পশ্চিমদিকে অবস্থিত দেশের দিকে তাকাইয়া আছেন, তাঁহাদের বুঝা উচিত যে ভারতের মাটিই তাঁহাদের খাঁটি এই দেশের হিত যাহাতে হয়, তাহাই তাঁহাদের করা কর্ত্তব্য।

---

## নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।
নিলামের দিন ১লা অক্টোবর ১৯২৬।

—০—

৫২ মনি ডিঃ হৃষিকেশ দাস দেঃ নন্দলাল দাস দাবি ৩৩৫৮৵৬ পং দশকাজারী মৌজে আমুহা ১নং লাট ।১॥০ কাত ।১।০ আঃ ১০৲ ২নং লাট ১৮০৮০ কাত ১৮১২ আঃ ৩৫৲ ৩নং লাট /২ কাত ৮/১৫ আঃ ৫৲ ৪নং লাট /১ কাত ।১৯ আঃ ৪০৲ ৫নং লাট ২॥০ কাত ২॥০ আঃ ৪০৲ ৬নং লাট ৩।২৵ কাত ২॥৵১০ আঃ ৪০৲

---

চৌকী জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।
নিলামের দিন ১লা অক্টোবর ১৯২৬।

—০—

২২৬ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং মাইমনন্নেসা বিবি দাবি ১১৮॥৵৯ পং গোয়াস মৌজে গোকুলতা ১০/০ কাত ১৯৵১১ আঃ ৫০৲

৪৫০ থাং ডিঃ বরদাশঙ্কর ঠাকুর দেঃ দনুজদলনী দেবী দিং দাবি ৪৯৮৯ পং সুলতানউজিয়ান মৌজে সেণ্ডা ৫ শতক ৬৯ একর কাত ৬৮৵৬ আঃ ৪৫৲

৪৫১ থাং ডিঃ ঐ দেঃ অনুকুলমোহিনী দেবী দিং দাবি ৩৮॥৵৯ পং সুলতানউজিয়ান মৌজে সেণ্ডা ৩ শতক ৩ একর কাত ৫/১১ আঃ ৪০৲

